কালের কণ্ঠ

তারিখ 19 JUN 2017

শুভসংঘের উদ্যোগ

# ঢাবি ক্যাম্পাসে সুবিধাবঞ্চিত শিশুদের ঈদের জামা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঈদ মানে আনন্দ, ঈদ মানে খুশি। ঈদ মানে নতুন জামা পরে সবার সঙ্গে আনন্দে মেতে ওঠা। কিন্তু আমাদের সমাজে এমন কিছু মানুষ আছে যারা ঈদে নতুন জামা কিনতে পারে না। সমাজে তারা সুবিধাবঞ্চিত। এমনি কিছু সুবিধাবঞ্চিত শিশুর সঙ্গে ঈদ আনন্দ ভাগাভাগি করে নিতে নতুন জামা কিনে দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শুভসংঘের বন্ধুরা।

গতকাল রবিবার সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থানরত সুবিধাবঞ্চিত শিশুদের মধ্যে কালের কণ্ঠ'র পাঠক সংগঠন শুভসংঘের উদ্যোগে ঈদের নতুন জামা বিতরণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে শুভসংঘের সদস্যরা পোশাকগুলো বিতরণ করেন। নতুন জামা পেয়ে শিশুদের মুখে ফুটে ওঠে অকৃত্রিম আনন্দ। ঢাবি শুভসংঘের সাধারণ সম্পাদক মো. হামিদ খান, সংগঠনের সাবেক সভাপতি মো. আসিফ মাহমুদ এবং অন্য সদস্যরা উপস্থিত থেকে শিশুদের হাতে ঈদবস্ত্র তুলে দেন।

মো. আসিফ মাহমুদ বলেন, 'ঈদের আনন্দকে ছড়িয়ে দিতে হবে সকল সুবিধাবঞ্চিত শিশুর মাঝে। এই লক্ষ্যকে সামনে রেখে শুভসংঘের বন্ধুরা কাজ করে আসছে। ঈদের খুশি সবার মাঝে ছড়িয়ে পড়ুক। এই আনন্দ আমরা সবাই ভাগাভাগি করে নেব। এতে আমাদের ঈদের আনন্দ আরো বাড়বে।'

মো. হামিদ খান বলেন, 'ঈদে আমরা অনেক আনন্দ করি, নতুন জামা পরিধান করি। কিন্তু সারা বছর আমাদের আশপাশে থাকা এসব শিশু ঈদে নতুন জামা পায় না। এ জন্য এবার আমরা কালের কণ্ঠ শুভসংঘের ব্যানারে সবার স্বতঃস্ফূর্ত সহযোগিতার মাধ্যমে সুবিধাবঞ্চিত শিশুদের মুখে হাসি ফোটাতে পেরেছি। এ জন্য অনেক ভালো লাগছে। ঈদে নতুন জামার আনন্দটা যে কত মধুর তা আজকে এদের মুখের হাসি দেখে উপলব্ধি করতে পারছি।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ই.এম.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর